

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঔষধ প্রশাসন অধিদপ্তর
ঔষধ ভবন, মহাখালী, ঢাকা-১২১২
www.dgda.gov.bd

নং- ডিজিডিএ/বিসিডিএস-১২৩/১৩/

তারিখ -----২০২১

বরাবর
সভাপতি
বাংলাদেশ কেমিস্টস এন্ড ড্রাগিস্টস সমিতি
বিসিডিএস ভবন,
১ মিটফোর্ড রোড, বাবুাজার,
ঢাকা।

বিষয় : ফার্মেসীতে সরকার কর্তৃক সরবরাহকৃত কোভিড-১৯ ভ্যাকসিন বিক্রয়, বিতরণ ও প্রদর্শনের উদ্দেশ্যে সংরক্ষণ না করা প্রসঙ্গে।

সরকার কর্তৃক সরবরাহকৃত কোভিড-১৯ ভ্যাকসিন দেশের বিভিন্ন জায়গায় কিছু কিছু ফার্মেসীতে পাওয়া যাচ্ছে মর্মে প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়াতে সংবাদ প্রকাশিত হচ্ছে। ঔষধ (নিয়ন্ত্রণ) অধ্যাদেশ ১৯৮২ এর ২০ ধারা মোতাবেক সরকারী ঔষধ/ভ্যাকসিন ফার্মেসীতে বিক্রয়, বিতরণ ও প্রদর্শনের উদ্দেশ্যে সংরক্ষণ করা শাস্তিযোগ্য অপরাধ বিধায় সরকারী ঔষধ/ভ্যাকসিন ফার্মেসীতে সংরক্ষণ না করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় ফার্মেসীতে সরকারী ঔষধ/ভ্যাকসিন পাওয়া গেলে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

এখানে উল্লেখ্য যে, বর্তমানে শুধুমাত্র সরকারীভাবে আমদানীকৃত এবং সরকারী ব্যবস্থাপনায় সরকার কর্তৃক অনুমোদিত টিকা কেন্দ্রে কোভিড-১৯ ভ্যাকসিন দেয়া যাবে। বেসরকারীভাবে কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানসহ ক্রয়-বিক্রয়ের কোন সুযোগ নেই।

এমতাবস্থায়, যে কোন ধরনের কোভিড-১৯ ভ্যাকসিন ফার্মেসীতে সংরক্ষণ ও বিক্রয় না করার জন্য আপনাদের সমিতির সকল সম্মানিত সদস্যকে অবহিতকরণের অনুরোধ করা হলো।

১৫৪;
মেজর জেনারেল মোঃ মাহবুবুর রহমান
মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর
ফোনঃ ০২২২২২৮০৮০৩
dgda.gov@gmail.com
তারিখ ১৯/০৮/২০২১

নং- ডিজিডিএ/বিসিডিএস-১২৩/১৩/ ৭৫৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব, ঔষধ প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপপরিচালক/উপপরিচালক (চঃদাঃ), বিভাগীয় কার্যালয় (সকল) (এতদ্বিষয়ে স্থানীয় বিসিডিএসসহ ফার্মেসী মালিকদের সাথে সচেতনতামূলক সভা করা এবং বাজার মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনাসহ)।
- ৪। সহকারী পরিচালক/ঔষধ তত্ত্বাবধায়ক/ঔষধ তত্ত্বাবধায়ক (ভারপ্রাপ্ত)/ঔষধ পরিদর্শক, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/জেলা কার্যালয় (সকল) (এতদ্বিষয়ে স্থানীয় বিসিডিএসসহ ফার্মেসী মালিকদের সাথে সচেতনতামূলক সভা করা এবং বাজার মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনাসহ)।
- ৫। সভাপতি, বাংলাদেশ কেমিস্ট এন্ড ড্রাগিস্ট সমিতি, জেলা।

মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর
19 AUG 2021